

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০১৬.২০১৬- ০২৫


তারিখ : ১৭ ফাল্গুন, ১৪২৩
০১ মার্চ, ২০১৭

বিষয় : গ্রামপুলিশদের থানায় হাজিরার জন্য যাতায়াত ও দৈনিক ভাতা প্রদান।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.০৬.০০৫.২০১৬-৩৫, তারিখ : ০৮/০২/২০১৭খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক সম্মেলন, ২০১৬ এ গ্রামপুলিশদের থানায় হাজিরার জন্য যাতায়াত ও দৈনিক ভাতার ব্যবস্থা করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রামপুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর বিধি ১৭ অনুযায়ী “গ্রামপুলিশ বাহিনী তাহাদের বরাবরে সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্ধারিত ছুটি, ভ্রমণভাতা, শ্রান্তি বিনোদন ভাতা, অন্যান্য আর্থিক সুবিধাদি, ইত্যাদি প্রাপ্য হইবেন।” এছাড়া উক্ত বিধিমালার বিধি ২১ এর উপবিধি (৪)(খ) অনুযায়ী- “নিজ কর্মস্থল থানার ১০ কিলোমিটারের মধ্যে হইলে সপ্তাহে ১(এক) বার এবং কর্মস্থলের দুরত্ব থানার ১০(দশ) কিলোমিটারের অধিক হইলে প্রতি ২(দুই) সপ্তাহে একবার থানার প্যারেডে অংশগ্রহণ করিতে হইবে।”

০২। এমতাবস্থায়, স্থাবর সম্পত্তি হস্তান্তর করের ১% হিসেবে প্রাপ্ত রাজস্ব হতে গ্রামপুলিশদের থানায় সপ্তাহে একদিন হাজিরার জন্য যাতায়াত ও দৈনিক ভাতা বাবদ সর্বসাকুল্যে ৩০০/- (তিনশত) টাকা করে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(ড. সৈয়দা নওশীন পর্ভিনী)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০

জেলা প্রশাসক (সকল)
.....জেলা।

অনুলিপি(সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপজেলা নির্বাহী অফিসার.....উপজেলা.....জেলা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।